**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 06-05-2026** — **Desk in Charge : S.D.G.**
**Time : 7-35AM** — **Edit. & Compile : DSS**
**DEO : KB** — **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর –**

১/ নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গে ভোট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। #রাজ্যপালের কাছে সেই নির্দেশিকা পাঠিয়ে দেওয়া হয়েছে।

২/ বিধানসভা নির্বাচনে বিজেপি, দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভের পর নতুন সরকার গঠন ও শপথগ্রহণ নিয়ে শুরু হয়েছে তৎপরতা। #আগামী শনিবার নতুন মন্ত্রিসভা শপথ নিতে পারে। আসতে পারেন প্রধানমন্ত্রী।

৩/ তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী, নির্বাচনে পরাজিত হলেও, গণনায় কারচুপির অভিযোগ তুলে 'মুখ্যমন্ত্রী' পদ থেকে ইস্তফা দিতে অস্বীকার করেছেন। #এর সমালোচনা করেছে বিজেপি সহ বিভিন্ন দল।

৪/ ফলাফল প্রকাশের পর রাজ্যের বিভিন্ন জায়গা থেকে হিংসার খবর পাওয়া গেছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, কোনওভাবেই ভোট পরবর্তী হিংসার ঘটনা বরদাস্ত না করার জন্যে মুখ্য সচিব, রাজ্য পুলিশের মহা নির্দেশক ও কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীকে নির্দেশ দিয়েছেন।

৫/ অবসরের পরেও যে আধিকারিকরা রাজ্য সরকারের বিভিন্ন দায়িত্বে আছেন, তাঁদের আজ থেকেই অফিসে আসতে বারণ করে নির্দেশিকা জারি করল নবান্ন।

৬/ অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা।

*****************************************************************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গে ভোট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। রাজ্যপাল আর এন রবির কাছে কমিশনের সেই নির্দেশিকা ইতমধ্যেই পাঠিয়ে দেওয়া হয়েছে। এর ফলে রাজ্যে নতুন সরকার গঠনের পথ প্রশস্ত হল।

উল্লেখ্য, বর্তমান বিধানসভার মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল (৭’ই মে)।

এদিকে, নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ফলাফল প্রকাশের পর এই বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে কমিশনের দায়িত্ব আপাতত সম্পূর্ণ হল। অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে এবার দু’দফায় ভোট নেওয়া হয়। ভোট গ্রহণ থেকে গণনা পর্যন্ত গোটা প্রক্রিয়াই সুষ্ঠু ও স্বচ্ছ ছিল বলে কমিশন জানিয়েছে।

************************

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে বিজেপি বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভের পর নতুন সরকার গঠন ও শপথগ্রহণ নিয়ে তৎপরতা শুরু হয়েছে। আগামী শনিবার রবীন্দ্রজয়ন্তীতে নতুন মন্ত্রিসভার সদস্যরা শপথ গ্রহণ করতে পারেন। সেই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের উপস্থিত থাকার সম্ভাবনা।

এদিকে, বিজেপির সংসদীয় বোর্ড, পশ্চিমবঙ্গে পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে পর্যবেক্ষক নিযুক্ত করেছে। ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে সহকারী পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

************************

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী, বিধানসভা নির্বাচনে তাঁর দলের পরাজয় অস্বীকার করেছেন। মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিতে তিনি রাজভবনে যাবেন না বলেও স্পষ্ট জানিয়েছেন। রাজ্য বিধানসভা নির্বাচনের ফলাফল প্রকাশের পরদিন গতকাল কালীঘাটে

এক সাংবাদিক বৈঠকে মমতা অভিযোগ করেন, ভোটের ফলাফল, জনগণের মতামত নয়, ষড়যন্ত্র। কাজেই তিনি পদত্যাগ করবেন না।

নির্বাচন কমিশন ও বিজেপির আঁতাত নিয়ে'ও তোপ দাগেন মমতা। তাঁর দাবী, অন্তত ১০০টি আসনে জয় ছিনিয়ে নেওয়া হয়েছে এবং আসল খলনায়কের ভূমিকা পালন করেছে নির্বাচন কমিশন। নির্বাচনী প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়ে'ও প্রশ্ন তোলেন তিনি। রাজ্যের আইন-শৃঙ্খলার অবনতি এবং দলীয় কর্মীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তৃণমূল নেত্রী আরো অভিযোগ করেন, উত্তর থেকে দক্ষিণবঙ্গ- সর্বত্রই বিজেপি কর্মী-সমর্থকদের তাণ্ডব চলছে।

( বাইট- মমতা/ ভোট হিংসা )

এদিকে, বিজেপি মুখপাত্র বিমল শংকর নন্দ, ভোটের ফলাফল প্রকাশের পর তৃণমূল কংগ্রেসের বিভিন্ন কার্যালয় ভাঙচুর ও দখল করা হচ্ছে, মমতা ব্যানার্জীর আনা এই অভিযোগ খারিজ করে দিয়েছেন ।

( বাইট- বিমলশঙ্কর/ পার্টি অফিস )

************************

বিজেপি বলেছে, ভারত এক বৃহৎ গণতান্ত্রিক দেশ এবং সর্বদাই তা' মেনে চলা উচিৎ। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পদে মমতা ব্যানার্জি ইস্তফা দেবেন না বলে যে মন্তব্য করেছেন, তার প্রেক্ষিতে বিজেপি মুখপাত্র সম্বিত পাত্র বলেছেন, এই ধরণের মন্তব্য অত্যন্ত উদ্বেগজনক। কারণ গণতন্ত্রে ক্ষমতা হস্তান্তর সবসময়ই শান্তিপূর্ণ উপায়ে হয়েছে এবং সেটাই হওয়া উচিৎ। মমতা ব্যানার্জির এধরণের মন্তব্য, নৈরাজ্যের পথ প্রশস্ত করতে পারে বলেও শ্রী পাত্র আশঙ্কা ব্যক্ত করেন। এধরণের মন্তব্যের ক্ষেত্রে সংযম বজায় রাখার'ও আবেদন জানান তিনি। বিজেপি মুখপাত্র, একে শুধুমাত্র তাদের দলের ওপর আঘাত নয়, গণতন্ত্র ও সংবিধানের ওপর আঘাত হিসেবেও অভিহিত করেন।

( বাইট- সম্বিত )

************************

এদিকে, CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, মুখ্যমন্ত্রীর পদত্যাগ না করার সিদ্ধান্তকে হাস্যকর বলে অভিহিত করেছেন। আকাশবাণীকে আজ তিনি বলেন, মমতা ব্যানার্জীর পরাজয় স্বীকার করে নিয়ে বরং বলা উচিত ছিল, একটিও হিংসার ঘটনা ঘটলে, তাঁরা তাঁর বিরোধিতা করবেন। ২০১১-এ তৃণমূল কংগ্রেস কোনো রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করেনি, এই অভিযোগ'ও খন্ডন করেন তিনি।

( বাইট- সুজন )

*************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় পালাবদলের পটভূমি। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে নতুন সরকার গঠন করতে চলেছে বিজেপি। আমাদের প্রতিনিধিরা জানার চেষ্টা করেছেন এই রাজনৈতিক পালাবদলের নেপথ্যে কি রয়েছে বলে মনে করছেন সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

ফলাফল প্রকাশের পর রাজ্যের বিভিন্ন জায়গা থেকে ভোট পরবর্তী হিংসার খবর মিলেছে। এপর্যন্ত চারজনের মৃত্যুর খবর'ও পাওয়া গেছে। এর মধ্যে দুজন বিজেপি ও দুজন তৃণমূল কংগ্রেস কর্মী।

ফল ঘোষণার দিনই বেলেঘাটায় এক তৃণমূল কংগ্রেস কর্মীর রহস্যমৃত্যুর অভিযোগকে ঘিরে চাঞ্চল্য ছড়ায়। মৃত বিশ্বজিৎ পট্টনায়ক, স্থানীয় তৃণমূলের বুথ এজেন্ট হিসেবে কাজ করছিলেন। বাড়ির অদূরেই তাঁর রক্তাক্ত দেহ উদ্ধার করা হয়। মৃতের পরিবার পুলিশের কাছে জানিয়েছে, সেদিন একটি ফোন আসার পর তিনি বাড়ি থেকে বের হন, তারপরেই তার রক্তাক্ত দেহ পড়ে থাকতে দেখা যায়। তৃণমূলের পক্ষ থেকে এই ঘটনার জন্য বিজেপিকে দায়ী করা হয়েছে। বিজেপি অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

এদিকে, হাওড়ার উদয়নারায়নপুরে মানশ্রীর রামচক গ্রামে যাদব বর নামে এক বিজেপি সমর্থককে পিটিয়ে খুন করা হয় বলে অভিযোগ। তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরাই এই ঘটনায় জড়িত বলে অভিযোগ করা হলেও, তারা তা' অস্বীকার করেছে।

নিউটাউনের বালিগড়ি এলাকাতেও, মধু মন্ডল নামে এক বিজেপি কর্মীকে গতকাল ধাক্কা মেরে রাস্তায় ফেলে দেয় বলে অভিযোগ। তারপর তাঁর মৃত্যু হয়। এই ঘটনার পর উত্তেজিত জনতা, অভিযুক্ত এক তৃণমূল কংগ্রেস কর্মীর বাড়িতে বিক্ষোভ দেখায়। পরে পুলিশ গিয়ে তাকেও উদ্ধার করে।

এছাড়া, বীরভূমের নানুরের সন্তোষপুর গ্রামে আবির শেখ নামে INTTUC-র স্থানীয় এক অঞ্চল সভাপতিকে কুপিয়ে খুন করা হয়। আহত হয়েছেন চাঁদু শেখ নামে আরো একজন।

**************************

উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার ন্যাজাট থানার রাজবাড়ী এলাকায় দুই গোষ্ঠীর সংঘর্ষ থামাতে গিয়ে গুলিবিদ্ধ হলেন থানার ভারপ্রাপ্ত আধিকারিক (OC) ভরত প্রসূন কর এবং এক কনস্টেবল।

দক্ষিণ ২৪ পরগনার মন্দিরবাজার বিধানসভার নিশাপুর অঞ্চলে গতসন্ধ্যায় রাজনৈতিক সংঘর্ষকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়।

কলকাতার মানিকতলা বিধানসভা এলাকার Canal সার্কুলার রোডে বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা দলীয় পতাকা হাতে নিয়ে জোর করে কংগ্রেস কার্যালয় দখল করে নেয় বলে অভিযোগ।

**************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গে ভোট পরবর্তী হিংসার ঘটনা কোনওভাবেই বরদাস্ত না করার জন্যে মুখ্য সচিব, রাজ্য পুলিশের মহা নির্দেশককে নির্দেশ দিয়েছে। কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী–CAPF-কেও তা সুনিশ্চিত করতে বলেছে কমিশন। নির্বাচনের ফল

প্রকাশের পর ভোট পরবর্তী হিংসার ঘটনা খতিয়ে দেখে নির্বাচন কমিশন অবিলম্বে আইনশৃঙ্খলা রক্ষায় কঠোর ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছে। ভয় দেখানো ও আতঙ্ক ছড়ানো, জোর করে হিংসাত্মক কাজে লিপ্ত করা ও সংঘর্ষ ও পালটা হামলা প্রতিরোধে সবরকম ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য প্রশাসন ও নিরাপত্তা সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, সমস্ত নাগরিক, বিশেষ করে সমাজের দুর্বলতর শ্রেণী এবং রাজনৈতিক কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য কমিশন পুলিশ ও প্রশাসনিক আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। জেলাশাসক, পুলিশ সুপার ও পুলিশ আধিকারিকদের পরিস্থিতির ওপর ক্রমাগত নজর রাখতেও বলেছেন তিনি। একইসঙ্গে সঙ্কটপ্রবণ এলাকাগুলিতেও সুরক্ষা আরো জোরদার করতে বলা হয়েছে। রাজ্যের যেকোনো জায়গায় কোনরকম হিংসাত্মক ঘটনার খবর এলে, সেব্যাপারে সতর্ক থাকা এবং অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নিতেও, পদস্থ আধিকারিকদের বলেছে কমিশন। কমিশন স্পষ্ট জানিয়েছে, রাজ্যে আইনের শাসন জারি থাকবে এবং কোনো ব্যক্তি বা গোষ্ঠীকেই, আইন নিজেদের হাতে তুলে নিতে দেওয়া হবেনা। হিংসাত্মক কার্যকলাপে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তারের’ও নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, নির্বাচনের ফল প্রকাশের পরই, রাজ্যের বিভিন্ন জায়গা থেকে ভোট পরবর্তী হিংসার যে খবর পাওয়া যাচ্ছে, তার প্রেক্ষিতেই কমিশনের এই নির্দেশিকা।

নির্বাচন কমিশন, এও জানিয়েছে, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, রাজ্যে শান্তি ও শৃঙ্খলা রক্ষায় পশ্চিমবঙ্গ পুলিশকে সবরকমভাবে সহায়তা করবে। জেলা প্রশাসনকেও পরিস্থিতির ওপর কড়া নজর রাখা এবং সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়া হয়েছে। অবাধ ও সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়া, শুধুমাত্র ভোট গ্রহণ ও গণনার দিনেই সীমাবদ্ধ নয়। ফলাফল প্রকাশের পরেও তা’ সমানভাবে প্রযোজ্য বলে কমিশন পুনরায় জোর দিয়ে বলেছে।

*************************

অবসরের পরেও যে আধিকারিকরা রাজ্য সরকারের বিভিন্ন দায়িত্বে আছেন তাদের আজ থেকেই অফিসে আসতে নিষেধ করা হয়েছে। সচিবরা প্রত্যেকে নিজের দপ্তরে

মৌখিকভাবে এই নির্দেশ দিয়েছেন। লোকভবন থেকে আসা এই নির্দেশ মুখ্য সচিব দুষ্যন্ত নারিয়ালা সব দপ্তরের সচিবদের জানিয়ে দিয়েছেন। নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত এই নির্দেশ বহাল থাকবে। নবান্ন সূত্রে খবর প্রশাসনের বিভিন্ন উপদেষ্টা পদে যারা ছিলেন তারাও নিজ নিজ দায়িত্ব থেকে ইস্তফা দিয়েছেন । এদের মধ্যে আছেন আলাপন বন্দ্যোপাধ্যায়, হরিকৃষ্ণ দিবেদী, মনোজ পন্থ এবং অভিরূপ সরকার । মঙ্গলবার মুখ্য সচিব ফের একবার সব দপ্তরকে জানিয়ে দিয়েছেন সমস্ত ফাইল যেন যথাযথ সংরক্ষিত করা হয়। সংশ্লিষ্ট সব দপ্তরের আর্থিক উপদেষ্টারা এই কাজে সাহায্য করবেন। কোন কোন ফাইল যেন দপ্তরের বাইরে না যায় সে ব্যাপারেও সচিব ফের একবার নিশ্চিত করতে বলা হয়েছে ওই নির্দেশিকায়।

*************************

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশ কিছু জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গে পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং মুর্শিদাবাদ জেলায় আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে উত্তরবঙ্গে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

**********************************************************************